DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:58 PM

জাতীয়

# ধ্বংসস্তূপ পুনর্গঠন করে প্ল্যান বাস্তবায়নে এগোচ্ছে সরকার: তথ্যমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ধ্বংসস্তূপ পুনর্গঠন করে প্ল্যান বাস্তবায়নে এগোচ্ছে সরকার: তথ্যমন্ত্রী

বিগত সরকারের রেখে যাওয়া ধ্বংসস্তূপ পুনর্গঠন করে প্রধানমন্ত্রী তারেক রহমানের ঘোষিত প্ল্যান বাস্তবায়নের উপযোগী করার কাজ করছে সরকার। প্রথম ১৮০ দিনে রাষ্ট্রযন্ত্রের প্রতিটি অঙ্গ মেরামতের কাজ চলছে।

সামনের দিনগুলোতে সরকার আরও মসৃণভাবে নির্বাচনী ইশতেহার ও পরিকল্পনা বাস্তবায়ন করবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন।

সোমবার (১৭ আগস্ট) দুপুরে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের ছয় মাস (১৮০ দিন) পূর্তি উপলক্ষ্যে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

সংবাদ সম্মেলনে সরকারের জবাবদিহিতার ওপর জোর দিয়ে তথ্যমন্ত্রী বলেন, জনগণের কাছ থেকে আমরা ১ হাজার ৮২৫ দিনের ম্যান্ডেট পেয়েছি। তার মধ্যে মাত্র ১৮০ দিনের জন্য আজ জবাবদিহি করতে বসেছি। আমাদের সরকার জবাবদিহিতার সংস্কৃতি চর্চা করবে এবং পর্যায়ক্রমে এভাবেই জনগণের সামনে হাজির হবে।

তথ্যমন্ত্রী সাম্প্রতিক ইতিহাসের তিনটি গুরুত্বপূর্ণ ঘটনা তুলে ধরেন। তিনি বলেন, দীর্ঘদিনের অন্যায়, অত্যাচার এবং ফ্যাসিবাদের বিরুদ্ধে মানুষের ক্ষোভ কীভাবে গণবিস্ফোরণে রূপ নেয়, তা আমরা ২০২৪ সালের ৫ আগস্ট দেখেছি। অন্যদিকে, ২০২৫ সালের ২৫ ডিসেম্বর বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে ফিরলে আপামর জনতা তাকে বিপুল সংবর্ধনা ও ভালোবাসা জানায়। সেখানেই তিনি ৩১ দফার আলোকে ঘোষণা করেছিলেন-□আই হ্যাভ এ প্ল্যান□।

মন্ত্রী আরও বলেন, তৃতীয় ঘটনাটি হলো ২০২৫ সালের ৩১ ডিসেম্বর। সেদিন আমাদের মাতৃতুল্য নেত্রী, গণতন্ত্রের মাতা বেগম খালেদা জিয়া কোটি মানুষকে শোকের সাগরে ভাসিয়ে বিদায় নেন। ৫ আগস্টের ক্ষোভ এবং ২৫ ও ৩১ ডিসেম্বরের এই গণসম্পৃক্ততাই আমাদের সামনে পুরোনো পরিস্থিতি থেকে নতুন পরিস্থিতিতে রূপান্তরের বার্তা হাজির করেছে।

## ধ্বংসস্তূপ পুনর্গঠনই প্রথম চ্যালেঞ্জ

সরকারের প্রথম ছয় মাসের কাজের মূল্যায়ন করতে গিয়ে জহির উদ্দিন স্বপন বলেন, কী পরিমাণ ধ্বংসস্তূপ থাকলে মানুষের এত ক্ষোভ থাকতে পারে যে ফ্যাসিবাদ পালাতে বাধ্য হয়? আমাদের এখনকার পুরো পরিকল্পনাটিই হলো এই ধ্বংসস্তূপকে পরিকল্পনামাফিক পুনর্গঠনের কাজে নিয়ে যাওয়া। আমরা এখন সেই পর্বটিই অতিক্রম করছি।

সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, অর্থনীতি, সমাজ ও রাষ্ট্র□রাষ্ট্রের প্রতিটি অঙ্গকে প্রথমে ততটুকু বিনির্মাণ করতে হচ্ছে, যতটুকু করলে আমাদের নেতার ঘোষিত প্ল্যানকে আমরা □কোর্স অব অ্যাকশন□-এ নিতে পারি। সে কারণেই প্রথম দিকের এই দিনগুলোকে আমাদের কর্মসূচি বাস্তবায়নের চেয়েও বেশি ব্যয় করতে হচ্ছে ধ্বংসস্তূপকে নতুন কর্মসূচির উপযোগী হিসেবে গড়ে তোলার জন্য।

আগামীর প্রত্যাশা ব্যক্ত করে তথ্যমন্ত্রী বলেন, যেকোনো ধ্বংসপ্রাপ্ত জিনিসকে কাজে লাগানোর আগে অনেক কাজ করতে হয়। আমরা আশা করি, মেয়াদের সামনের দিকে যত এগোব, তত স্মুথলি আমরা আমাদের নেতার প্ল্যান এবং নির্বাচনী ইশতেহার যথাযথভাবে বাস্তবায়ন করতে পারব।

এ সময় আরও উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির অন্যতম সদস্য ও প্রবীণ নেতা নজরুল ইসলাম খান, দলের স্থায়ী কমিটির সদস্য রুহুল কবির রিজভী আহমেদ, প্রধানমন্ত্রীর জনপ্রশাসনবিষয়ক উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ, তথ্য প্রতিমন্ত্রী, প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ও মুখপাত্র, প্রেস উইংয়ের কর্মকর্তা এবং এসএসএফের সংশ্লিষ্ট কর্মকর্তারা।

তথ্যমন্ত্রীর প্রারম্ভিক বক্তব্যের পর প্রবীণ নেতা নজরুল ইসলাম খান সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

---

এ বিভাগের আরও খবর



### কর্ণফুলীতে মাইক্রোবাস-কাভার্ডভ্যান সংঘর্ষে নিহত ৪

চট্টগ্রামের কর্ণফুলীতে মাইক্রোবাস ও কাভার্ডভ্যানের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন। আহত ব্যক্তিদের মধ্যে...



### ফেনীতে প্রধানমন্ত্রীর সফর স্থগিত

প্রধানমন্ত্রী তারেক রহমানের আগামী ১৭ সেপ্টেম্বর ফেনী সফর স্থগিত করা হয়েছে। অক্টোবরের প্রথম সপ্তাহে প্রধানমন্ত্রী ফেনী সফর করবেন বলে জানিয়েছে...



### নতুন গ্যাসক্ষেত্র অনুসন্ধানে শেভরনকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক জ্বালানি কোম্পানি শেভরনকে আরও বেশি বিনিয়োগের আহ...



### পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা সহযোগিতা বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির

পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, বিমান যোগাযোগ, শিক্ষা ও প্রশিক্ষণসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/dhbngsstup-punrgthn-kre-pljan-bastbayne-egochchhe-srkar-tthjmntri